



অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৪৪৮

তারিখঃ ১১ চৈত্র ১৪২৬
২৫ মার্চ ২০২০

বিষয় : করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ।

সূত্র : ১. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২ তারিখঃ ২২.০৩.২০২০;
২. স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০.২২২ তারিখঃ ২৩.০৩.২০২০;
৩. জনপ্রশাসন মন্ত্রণালয় এর স্মারক নং-০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৩ তারিখঃ ২৩.০৩.২০২০।


উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, বিশ্বের বিভিন্ন দেশে প্রাণঘাতী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর ব্যাপক সংক্রমণ ঘটছে। সম্প্রতি বাংলাদেশেও করোনা ভাইরাস সংক্রমিত হচ্ছে। এ মুহূর্তে যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা না গেলে ভাইরাসটির সংক্রমণ ব্যাপকভাবে ছড়িয়ে পড়ার ঝুঁকি রয়েছে। ইতোমধ্যে এর ভয়াবহতা ও ঝুঁকি পর্যবেক্ষণ করে সরকার কর্তৃক সকল মন্ত্রণালয়/বিভাগ-কে সূত্রাধীন স্মারকসমূহে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পরিস্থিতিতে করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণের লক্ষ্যে সময়ে সময়ে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনার অনুসরণে এ বিভাগ হতে জনস্বার্থে অবিলম্বে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) করোনা ভাইরাস প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিগণের কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নির্দেশনা অনুসরণে স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে সরকার গৃহীত যেকোন জরুরি কর্মসূচি/কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনে যথাযথ ভূমিকা পালন করতে হবে;
- (খ) করোনা ভাইরাসজনিত কারণে গণপরিবহন চলাচল নিয়ন্ত্রণ, জরুরি পণ্য পরিবহন ও অন্যান্য জরুরি পরিষেবা চালু রাখাসহ সরকারি নির্দেশনা অনুসরণ ও বাস্তব পরিস্থিতি পর্যবেক্ষণ করে বিআরটিএ হতে প্রযোজ্য আদেশ জারি করতে হবে। বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনও প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (গ) করোনা ভাইরাসজনিত কারণে মোটরযানের ফিটনেস, ট্যাক্স-টোকেন, রুট পারমিট, ড্রাইভিং লাইসেন্স নবায়ন ইত্যাদির নির্ধারিত ফি/কর পরিশোধ বিলম্বিত হলে জরিমানা মওকুফ সম্পর্কিত অর্থ বিভাগের সম্মতিক্রমে জারিকৃত এ সংক্রান্ত আদেশ অনুযায়ী গৃহীতব্য ব্যবস্থা জনসাধারণকে অবহিত করার নিমিত্ত প্রচার করতে হবে;
- (ঘ) সার্বিকভাবে দৈনন্দিন কার্যক্রম কোন কারণে ব্যাহত হলেও জরুরি পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব যথাযথভাবে অনুসরণ করে চলাচল নিবিঘ্ন করার নিমিত্ত বাস্তব পরিস্থিতি বিবেচনায় এনে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন মহাসড়ক নেটওয়ার্কের জরুরি মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

- (৬) যেকোন গুরুত্বপূর্ণ বিষয়ে কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে আওতাধীন সকল অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার পক্ষ হতে ই-নথিতে প্রস্তাব উপস্থাপন ও অনুমোদন গ্রহণ করতে হবে এবং যেকোন জরুরি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজন হলে সরাসরি উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।



(মোহাঃ লিয়াকত আলী খান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৮৪১২৮, ফ্যাক্সঃ ৯৫৮৫১৩৮

ই-মেইল: sasadmin@rthd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৩. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
৪. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
৫. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।